

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mor.gov.bd

বাংলাদেশ রেলওয়ের Human Resource Management System বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব জালাল উদ্দিন আহম্মেদ যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়
তারিখ	:	১৪ নভেম্বর ২০২৩
সময়	:	বেলা ৩:০০ টা
স্থান	:	রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৯০৭)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সকল সদস্যের পরিচিতির জন্য সকলকে অনুরোধ করেন। তিনি বলেন, সচিব, রেলপথ মন্ত্রণালয় এর সভাপতিত্বে ২৮/০৮/২০২৩ তারিখে বাংলাদেশ রেলওয়ের অনলাইন টিকিটিং সিস্টেম (ই-টিকিটিং) বিষয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে একটি কমিটি গঠন করা হয়। বাংলাদেশ রেলওয়ের অর্গানোগ্রাম (জনবল কাঠামো) অনুযায়ী ৪৭,৬৩৭টি জনবল কাঠামোর আলোকে বাংলাদেশ রেলওয়ের Human Resource Management System বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটির অদ্যকার এ সভা আহ্বান করা হয়েছে। তিনি প্রথমেই কমিটির সদস্য জনাব মো: দৌলতুজ্জামান খাঁন, যুগ্মসচিব (পিএসিসি) ও কর্মসূচি পরিচালক, জনপ্রশাসন মন্ত্রণালয়কে তথ্যাদি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২। প্রারম্ভিক আলোচনা:

২.১ যুগ্মসচিব (পিএসিসি) ও কর্মসূচি পরিচালক, জনপ্রশাসন মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ রেলওয়ের কর্মচারীদের কাছে আইবাস++ ব্যাপ্তি আরও বেশি। জনবল কাঠামো কিভাবে ম্যানেজমেন্ট করছে তা জানা দরকার। Management System এর পরিকল্পনা দিতে হবে। বাংলাদেশ রেলওয়ের Human Resource Management System আছে কিনা তা সভায় জানতে চান।


২.২ জনাব মো: সাদরুল হক, যুগ্মমহাপরিচালক (পার্সোনেল), বাংলাদেশ রেলওয়ে সভায় বলেন যে, বাংলাদেশ রেলওয়ের ২টি ক্যাডার রয়েছে যথাক্রমে বিসিএস (রেলওয়ে: প্রকৌশল) ও বিসিএস (রেলওয়ে: পরিবহন ও বাণিজ্যিক) ক্যাডার। বিসিএস (রেলওয়ে: প্রকৌশল) ক্যাডারের মধ্যে আবার ৫টি সাব-ক্যাডার রয়েছে। বাংলাদেশ রেলওয়ের ৪৭,৬৩৭ জনবল কাঠামোর মধ্যে নন-ক্যাডার এবং নন-গেজেটেড কর্মকর্তা-কর্মচারী রয়েছে। কর্মকর্তাদের মধ্যে ১ম গ্রেড হতে ৩য় গ্রেড পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পদোন্নতি প্রদান করা হয়। ৪র্থ গ্রেড হতে ৯ম গ্রেড পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় ও বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে পদোন্নতি দেয়া হয়। বিসিএস (রেলওয়ে: প্রকৌশল) ও বিসিএস (রেলওয়ে: পরিবহন ও বাণিজ্যিক) ক্যাডারের The BCS Composition and Cadre Rules, 1980 এবং Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর সংশ্লিষ্ট তফসিলের সংশোধনী কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। নন-গেজেটেড কর্মচারীদের নিয়োগ বিধি ২০২০ সালে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

২.৩ সিনিয়র ফাংশনাল কনসালটেন্ট, আইবাস++ সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ রেলওয়ের জন্য মঞ্জুরিকৃত ৪৭,৬৩৭টি জনবলের মধ্যে ৩৭টি অফিস যাদের কোন সঠিক তথ্য নেই। তাছাড়া iBas++ অর্গানোগ্রাম সাব-মডিউলে লিপিবদ্ধকরণের লক্ষ্যে ৪৫টি অফিসের মধ্যে ৩৯টি অফিসের কোড এর বিপরীতে জনবল (পদবী, বেতন গ্রেড, পদসংখ্যা) অফিস ভিত্তিক পৃথক কোন তথ্য পাওয়া যায়নি। জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী বাংলাদেশ রেলওয়েতে দুই হাজারের বেশী কর্মচারী অনলাইনে বেতন নির্ধারণ (পে-ফিল্ডেশন) করেনি। যারা অনলাইনে বেতন নির্ধারণ করেনি তাদেরকে ভার্সুয়ালি বেতন-ভাতা প্রদান করা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম:	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.১	বাংলাদেশ রেলওয়ের Human Resource Management System বাস্তবায়নের লক্ষ্যে রেলপথ মন্ত্রণালয় হতে ১৩/০৯/২০২৩ তারিখে গঠিত কমিটিতে (১) জনাব মোহাম্মদ মাহফুজ হোসেন, সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, (২) জনাব বেনু রঞ্জন সরকার, সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, (৩) জনাব শাহীদুল ইসলাম, পরিচালক (পার্সোনেল), বাংলাদেশ রেলওয়ে এবং (৪) জনাব শাহ আলম, ডিসিও, ঢাকাকে কো-অপ্ট করতে হবে।	সদস্য-সচিব গঠিত কমিটি রেলপথ মন্ত্রণালয়
৩.২	বাংলাদেশ রেলওয়ে কর্তৃক এন্ট্রিকৃত জেমস এর ফরমেট সঠিক আছে কিনা তা যাচাইয়ের জন্য এবং নির্দিষ্ট একটি ফরমেট ব্যবহারের নিমিত্ত বাংলাদেশ রেলওয়ে টেকনিক্যাল টিম এবং আইবাস ++ কর্তৃপক্ষের মধ্যে ১৫/১১/২০২৩ তারিখ একত্রে বসে পরবর্তী করণীয় নির্ধারণ করবে।	সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৬/১১/২০২৩
(জালাল উদ্দিন আহমেদ)
যুগ্মসচিব (প্রশাসন)
রেলপথ মন্ত্রণালয়